দৈনিক ইনকিলাব

তারিখ 04 DEC 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

33

ভিসিসহ ৯ জন ১৬ ঘন্টা অবরুদ্ধ

## ছাত্র নেতাদের বিরুদ্ধে শাস্তি প্রত্যাহারের আশ্বাসে জাঃনগর বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক অবস্থা

।। জাঃ বিঃ রিপোর্টার ।।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসিসহ ৯ জন সিণ্ডিকেট সদস্য ১৬ ঘন্টা অবরুদ্ধ থাকার পর গতকাল দুপুরে দু'জন মন্ত্রীর মধ্যস্থতায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্র নেতাদ্বয়ের বিরুদ্ধে গৃহীত শাস্তিমূলক ব্যবস্থা প্রত্যাহার করার আশ্বাস দিলে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক অবস্থা ফিরে আসে।

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## জাঃনগর বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

ডাকসু ও ছাত্র দল নেতৃবৃন্দের সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আলোচনা শেষে সমঝোতার আশ্বাসে বলা হয় যে, অভিযুক্ত ছাত্র দল নেতা মোঃ মোয়াজ্জেম হোসেন ও আবু ইউসুফের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে ১ বছরের বহিষ্কারাদেশ এবং ৫০০০ টাকা জরিমানা করা হয়েছে তা পুনঃ বিবেচনা করার জন্য ঐ ছাত্র নেতাদ্বয় সিণ্ডিকেটের নিকট আপীল করবে। পরবর্তীতে সিণ্ডিকেট তাদের শাস্তি মওকুফ করবে।

গত ২৭ নভেম্বর ছাত্র দল বিশ্ববিদ্যালয় শাখার সাংগঠনিক সম্পাদক মোয়াজ্জেম হোসেন এবং আল বেরুনী হল প্রভোস্ট ডঃ গোলাম হোসেনের মধ্যে এক অপ্রীতিকর ঘটনা ঘটে। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের মোট ৬টি হলের প্রভোস্ট পদত্যাগ করেন। পরবর্তীতে ঘটনার সাথে জড়িত দু'জন ছাত্র নেতার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থার সিদ্ধান্ত গৃহীত হলে ছাত্ররা ভিসি অফিস ঘেরাও করে রাখে। উদ্ভূত পরিস্থিতিতে ঘটনার ৬ষ্ঠ দিনে শিক্ষামন্ত্রী জনাব জমির উদ্দীন সরকার এবং তথ্যমন্ত্রী জনাব নাজমুল হুদা বিশ্ববিদ্যালয়ে গিয়ে শিক্ষক এবং ছাত্র নেতাদের সাথে আলোচনা করে অচলাবস্থার নিরসন ঘটান।